রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, মে ২৬, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ বৈশাখ ১৪২৬/০৫ মে ২০১৯

নং **৩৯.০০.০০০০.০১৯.২৪.০৭৮.১৭(১)-১৩৯**—রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের জন্য বাংলাদেশ ও রাশান ফেডারেশনের মধ্যে স্বাক্ষরিত Inter Governmental Agreement (IGA)-এর আওতায় অত্যাবশ্যকীয় তিনটি Supplementary Contracts যথা : (i) Nuclear Fuel supply, (ii) Operation & Maintenance, (iii) Spent Fuel Takeback Contract চূড়ান্তকরণের নিমিত্ত প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৪ জানুয়ারি ২০১৬ খ্রিঃ তারিখের ৩৬ নং পরিপত্র অনুযায়ী G টু G পদ্ধতিতে ক্রয় বিষয়ক নিম্নোক্ত কমিটি গঠন করা হলো :

(ক) কমিটি গঠন :

| | | | |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আনোয়ার হোসেন, সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | - | সভাপতি |
| ২. | জনাব মোঃ গোলাম মোস্তফা, যুগ্মসচিব, অর্থ বিভাগ | - | সদস্য |
| ৩. | জনাব মোঃ আজিজুর রহমান, মহাপরিচালক-৩ (যুগ্মসচিব), প্রধানমন্ত্রীর কার্যালয় | - | সদস্য |
| ৪. | জনাব কাজী আরিফুজ্জামান, যুগ্মসচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | - | সদস্য |
| ৫. | জনাব মোঃ আলী হোসেন, যুগ্মসচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | - | সদস্য |
| ৬. | জনাব এ কে এম নুরুল হুদা আজাদ, প্রথম সচিব (শুল্ক অব্যাহতি ও প্রকল্প সুবিধা), জাতীয় রাজস্ব বোর্ড | - | সদস্য |
| ৭. | জনাব মোঃ মাহবুবুল হক, চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | - | সদস্য |
| ৮. | ড. মোঃ শৌকত আকবর, প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প | - | সদস্য |
| ৯. | জনাব ইতি রাণী পোদ্দার, অতিরিক্ত সচিব (পাবি), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | - | সদস্য-সচিব |

(খ) কমিটির কার্যপরিধি :

(১) বাংলাদেশ ও রাশান ফেডারেশনের মধ্যে স্বাক্ষরিত Inter Governmental Agreement (IGA)-এর আওতায় অত্যাবশ্যকীয় তিনটি Supplementary Contract যথা : (i) Nuclear Fuel supply, (ii) Operation & Maintenance, (iii) Spent Fuel Takeback Contract-এর মাধ্যমে রাশান ফেডারেশনের সরকারি প্রতিষ্ঠান থেকে তাদের প্রস্তাবিত দ্রব্য বা সেবা ক্রয় করার বিষয়ে সুপারিশ প্রদান;

(২) টেকনিক্যাল টীমের সাথে পরামর্শ করে এই কমিটি সংশ্লিষ্ট প্রকল্পের মূল্য নির্ধারণ করবে যা বিধি মোতাবেক সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি বা অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য উপস্থাপিত হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আছির উদ্দীন সরদার**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd